

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

পাবনা শাখা, আল মনসুর সুপার মার্কেট, আব্দুল হামিদ রোড, পাবনা সদর, পাবনা।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, পাবনা শাখা, পাবনা এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স জনতা স্টোর এর স্বত্বাধিকারী মোঃ আতিকুল হক, পিতা- মৃত উকিল উদ্দিন মালিখা, মাতা- মৃত জায়িরন নেছা, বর্তমান ও স্থায়ী ঠিকানা- সাং- নাজিমুদ্দিন রোড, চক গোবিন্দ, ডাকঘর- জি.পি.ও- ৬৬০০, থানা- পাবনা সদর, ব্যবসায়িক ঠিকানা- হোল্ডিং নং- ৪১৪/৩২০, ওয়ার্ড নং- ০৩, সাং- হাজী মোহাম্মদ মহসিন রোড, দিলালপুর, ডাকঘর- জি.পি.ও- ৬৬০০, থানা- পাবনা সদর, জেলা- পাবনা, কর্তৃক **ইউসিবি**, গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোজার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৯ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৩,৩০,৪৫,৯০৪.০৭ টাকা (তিন কোটি ত্রিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত চার টাকা সাত পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

- ক. জেলা- পাবনা, থানা- পাবনা সদর, মৌজা- চক গোবিন্দ, হাল নং- ৬৯, খতিয়ান নং- এস.এ-১৯১ আর.এস-১২৮ দাগ নং- এস.এ-১৭২ আর.এস- ৭১৬,৭১৪,৭১৭; মোট জমির পরিমাণ- ১০.৬৬ শতাংশ এবং তদুপরিস্থিত পাঁচতলা ভবন যাহা পাবনা পৌরসভা এলাকার মধ্যে অবস্থিত।
- খ. জেলা- পাবনা, থানা- পাবনা সদর, মৌজা- চক গোবিন্দ, হাল নং- ৬৯, খতিয়ান নং- এস.এ-৬৬ আর.এস-১৫ দাগ নং- এস.এ-৭২ আর.এস- ৬০৩/৮২৩; মোট জমির পরিমাণ- ১৮.১৫ শতাংশ এবং তদুপরিস্থিত দুইতলা ভবন যাহা পাবনা পৌরসভা এলাকার মধ্যে অবস্থিত।
- গ. জেলা- পাবনা, থানা- পাবনা সদর, মৌজা- দিলালপুর, হাল নং- ৭৪, খতিয়ান নং- এস.এ-১৫৯, আর.এস-৯০৭, দাগ নং- এস.এ-৪৬০ আর.এস- ২০২৪; মোট জমির পরিমাণ- ০.৯৪ শতাংশ এবং তদুপরিস্থিত দুইতলা ভবন যাহা পাবনা পৌরসভা এলাকার মধ্যে অবস্থিত।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০২.০৯.২০১৯ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, পাবনা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, পাবনা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, পাবনা শাখা, পাবনা।